রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ২৮.০০.০০০০.০২৭.৪৩.০০১.১৬-৩১৫—তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটো-গ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৬ প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে প্রকাশ করা হলো।

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটো-গ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৬

যানবাহনে অকটেন, পেট্রোল ও ডিজেলের পরিবর্তে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটো-গ্যাস) একটি পরিবেশবান্ধব বিকল্প জ্বালানি হিসেবে বিশ্বব্যাপী জনপ্রিয়তা লাভ করছে। যানবাহনে অটো-গ্যাস ব্যবহারের ব্যয় তরল জীবাশ্ম জ্বালানির তুলনায় কম। যানবাহনে প্রচলিত তরল জ্বালানির পরিবর্তে অটো-গ্যাস ব্যবহারের মাধ্যমে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় সম্ভব। অটো-গ্যাস বিপণন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও এ সংশ্লিষ্ট নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য একটি নীতিমালা থাকা আবশ্যক। এ উদ্দেশ্যে অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন নির্মাণ ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণের জন্য নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো:

১। এ নীতিমালা “তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটো-গ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৬” নামে অভিহিত হবে।

মূল্য ঃ টাকা ১৬.০০

২। **অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপনে সরকারের অনুমতি**

(ক) সরকারের অনুমোদন ব্যতিরেকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করতে পারবে না;

(খ) এ নীতিমালায় উল্লিখিত আইন, বিধি বা অন্য কোন শর্ত ভঙ্গের জন্য সরকার অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপের অনুমোদন বাতিল করতে পারবে;

(গ) বিদেশি কোম্পানির সঙ্গে joint venture এ কোন কোম্পানি/প্রতিষ্ঠান গঠন করা হলে বিনিয়োগ বোর্ডের রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে সরকারের বিদ্যমান সংশ্লিষ্ট আইন, বিধি ও অন্যান্য নীতিমালা প্রযোজ্য হবে; এবং

(ঘ) সরকারের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কর্তৃপক্ষ সেবা প্রদানের জন্য ফি নির্ধারণ করতে পারবে।

৩। **অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন :**

৩.১। **অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপনের শর্তাবলি;**

(ক) **মূল্য ও মান নির্ধারণ**

(১) সরকার নির্ধারিত মূল্যে অটো-গ্যাস বিক্রয় করতে হবে;

(২) সরকার কর্তৃক নির্ধারিত অটো-গ্যাস মান/স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে।

(খ) **ন্যূনতম দূরত্ব**

(১) সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতাভুক্ত এলাকায় সড়কের একই পার্শ্বে দুটি অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের ন্যূনতম দূরত্ব হবে ২ (দুই) কিলোমিটার এবং সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতা বহির্ভূত এলাকায় ন্যূনতম দূরত্ব হবে ৪ (চার) কিলোমিটার;

(২) সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতাভুক্ত এলাকায় সড়কের বিপরীত পার্শ্বে দুটি অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের ন্যূনতম দূরত্ব হবে ১ (এক) কিলোমিটার এবং সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতা বহির্ভূত এলাকায় ন্যূনতম দূরত্ব হবে ২(দুই) কিলোমিটার এবং

(৩) বিশেষ প্রয়োজনে সরকার ন্যূনতম দূরত্বসীমার এ শর্ত শিথিল করতে পারবে।

(গ) **অবস্থান**

(১) প্রস্তাবিত অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের অবস্থান এমন স্থানে হতে হবে যাতে সড়কে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি না হয়;

(২) রিফুয়েলিং স্টেশনের প্রাঙ্গণ সড়কের বাঁক, ঢাল, সংযোগস্থল এবং ব্রীজ হতে নিরাপদ দূরত্বে অবস্থিত হতে হবে;

(৩) রিফুয়েলিং স্টেশনের প্রাঙ্গণে গমন ও বাহিরের পৃথক দু'টি পথ থাকতে হবে;

(৪) রিফুয়েলিং স্টেশন বাসস্ট্যান্ড, রেললাইন বা বাস টার্মিনাল হতে ন্যূনতম ১০০ মিটার দূরে হতে হবে; এবং

(৫) প্রস্তাবিত রিফুয়েলিং স্টেশন উচ্চচাপ (High Tension) বৈদ্যুতিক তারের নিচে স্থাপন করা যাবে না।

(ঘ) **আকার/আয়তন**

অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের আয়তন সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতাভুক্ত এলাকায় ন্যূনতম ১০ কাঠা (রাস্তা বরাবর সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ১০০ ফুট এবং প্রস্থ ন্যূনতম ৭০ ফুট) এবং সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতা বহির্ভূত এলাকায় ন্যূনতম ১২ কাঠা (রাস্তা বরাবর সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ১২০ ফুট এবং প্রস্থ ন্যূনতম ৭০ ফুট) হতে হবে।

(ঙ) **পাম্প, পেছনের দেয়াল ও সার্ভিসিং সুবিধাদির অবস্থান**

পাম্প, পেছনের দেয়াল ও সার্ভিস রুম, এয়ার কম্প্রেসর, ডিসপেনসিং ইউনিটসহ অন্যান্য স্থাপনার অবস্থান/দূরত্ব/আকার তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এ বর্ণিত নিরাপদ দূরত্বসীমা অনুসরণ করে স্থাপন করতে হবে।

(চ) **অটো-গ্যাস স্টেশনের ডিসপেন্সিং ইউনিট/রিফুয়েলিং পয়েন্টের অবস্থান**

অটো-গ্যাস স্টেশনের ডিসপেনসিং ইউনিট/রিফুয়েলিং পয়েন্টের অবস্থান তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ অনুসরণে হতে হবে।

(ছ) **নকশা অনুমোদন ও লাইসেন্স গ্রহণ**

বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক নকশা অনুমোদন ও লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে নতুন অটো-গ্যাস স্টেশনের নির্মাণ কাজ অথবা পুরাতন অটো-গ্যাস ফিলিং স্টেশনের প্রাঙ্গণ বা অন্যান্য স্থাপনা পরিবর্তন/পরিবর্ধন বা সংযোজন/বিয়োজন করা যাবে না।

(জ) **নিরাপত্তা ব্যবস্থা**

অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের নিরাপত্তা ব্যবস্থার ক্ষেত্রে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ অনুসরণ করতে হবে।

(ঝ) **অটো-গ্যাস সিলিন্ডার পুনঃপরীক্ষণ**

যানবাহনে ব্যবহৃত অটো-গ্যাস সিলিন্ডার, প্রতি ১০ (দশ) বছর অন্তর অন্তর হাইড্রো-টেস্ট করে সরকার অনুমোদিত প্রতিষ্ঠানের নিকট হতে ফিটনেস সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

(ঞ) **পানি নিষ্কাশন ব্যবস্থা**

অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনে পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা থাকতে হবে।

(ট) **ড্রাইভ-ওয়ে**

অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের ড্রাইভ-ওয়ে প্রশস্ত ও পাকা হতে হবে।

(ঠ) **আলোর ব্যবস্থা**

প্রস্তাবিত অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনে প্রয়োজন অনুযায়ী আলোর ব্যবস্থা থাকতে হবে। প্রয়োজনের অতিরিক্ত আলোকসজ্জা করা যাবে না।

(ড) **অন্যান্য শর্তাবলি**

(১) রিফুয়েলিং স্টেশন ও সরকার অনুমোদিত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিপণন কোম্পানির মধ্যে একটি Standard Uniform Agreement থাকবে— যার শর্তসমূহ অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিপণন কোম্পনিসমূহ পরিপালন করতে বাধ্য থাকবে;

(২) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের ডিস্‌পেনসিং ইউনিটের মিটার বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই) কর্তৃক প্রত্যায়িত হতে হবে;

(৩) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনসমূহকে চুক্তিবদ্ধ তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিপণন কোম্পানির নিকট হতে ক্রয়কৃত অটো-গ্যাস বিক্রয় করতে হবে;

(৪) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনে সঠিক মানসম্পন্ন ডিজিটাল ডিসপেনসিং ইউনিট ও সাইট-ফ্লো ইন্ডিকেটর ব্যবহার করতে হবে;

(৫) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনে টেলিফোন সংযোগ এবং বিশুদ্ধ খাবার পানি সরবরাহের ব্যবস্থাসহ পুরুষ ও মহিলাদের জন্য পৃথক আধুনিক ও স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা রাখতে হবে;

(৬) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন নির্মাণের ক্ষেত্রে সেইফ্‌টি অপারেশনাল ম্যানুয়াল অনুসরণ করতে হবে;

(৭) রিফুয়েলিং স্টেশন পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। সর্বশেষ প্রযুক্তি সম্পর্কে ধারণা লাভের জন্য রিফুয়েলিং স্টেশন পরিচালনায় নিয়োজিত জনবলকে প্রতি ২(দুই) বছর অন্তর প্রশিক্ষণ প্রদান করতে হবে;

(৮) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনে Explosion Proof যন্ত্র ব্যবহার করতে হবে;

(৯) অটো-গ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রাথমিক অনুমতি প্রাপ্তির তারিখ হতে প্রকল্প বাস্তবায়ন না হওয়া পর্যন্ত প্রতি ৬০(ষাট) দিন অন্তর সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে; এবং

(১০) সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন সংক্রান্ত সকল প্রকার আদেশ/শর্তাবলি এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩.২। **অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপনের প্রাথমিক আবেদন প্রক্রিয়াঃ**

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন ও পরিচালনার লক্ষ্যে অনুমোদন প্রাপ্তির জন্য নিম্নোক্ত কাগজসহ ফরম 'ক' (সংযুক্তি-১) এর মাধ্যমে সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে;

(ক) আবেদনকারী/আবেদনকারীগণের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(খ) আবেদনকারী/আবেদনকারীগণের সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি;

(গ) সর্বশেষ কর বৎসরের আয়কর পরিশোধের সনদ;

(ঘ) ট্রেড লাইসেন্স/জয়েন্ট স্টক কোম্পানির নিবন্ধনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঙ) জমির মালিকানার প্রমাণপত্র (প্রাসঙ্গিক দলিল, আমমোক্তারনামা, চুক্তিপত্র, নামজারি, হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা ইত্যাদি);

(চ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক ভূমির অবস্থানগত ছাড়পত্র;

(ছ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের অনাপত্তি;

(জ) বিস্ফোরক পরিদপ্তরের পূর্বানুমোদন;

(ঝ) পেট্রোল পাম্প আঙ্গিনায় অটো-গ্যাস স্টেশন স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট তেল বিপণন কোম্পানির অনাপত্তি;

(ঞ) সরকারি জমির ক্ষেত্রে বরাদ্দ/চুক্তির অবিকল নকল;

(ট) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন প্রকল্পের বাস্তবায়ন কর্মপরিকল্পনা;

(ঠ) প্রস্তাবিত রিফুয়েলিং স্টেশন স্থাপনের লে-আউট প্লান;

(ড) আমদানিতব্য যন্ত্রাংশের স্পেসিফিকেশন ও সরবরাহকারী প্রতিষ্ঠান সম্পর্কিত বিস্তারিত তথ্য;

(ঢ) সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান/ব্যাংক ড্রাফট;

(ণ) প্রবেশপথ ব্যবহারের লক্ষ্যে সড়ক ও মহাসড়ক অধিদপ্তরের অনুমোদন ও চুক্তি;

(ত) বাংলাদেশ সরকারের অনুমোদিত কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে financial commitment letter for investment এবং

(থ) সরকার কর্তৃক যাচিত যে কোন প্রমাণক।

৩.৩। **প্রাথমিক অনুমোদন**

অনুচ্ছেদ-৩ এর ৩.১ এ বর্ণিত শর্তাবলি অনুসরণ এবং ৩.২ এ বর্ণিত কাগজযুক্ত আবেদন প্রাপ্তির পর সরকার নির্ধারিত কর্তৃপক্ষ দাখিলকৃত কাগজপত্র যাচাই এবং প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন শেষে প্রস্তাব গ্রহণযোগ্য বিবেচিত হলে আবেদনকারী/প্রতিষ্ঠানের অনুকূলে অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমতি প্রদান করবে।

৪। **অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশনের চূড়ান্ত অনুমোদন পদ্ধতি:**

৪.১। **চূড়ান্ত অনুমতির আবেদন**

প্রাথমিক অনুমতি প্রাপ্তির ১২(বার) মাসের মধ্যে আটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। সরকার বিশেষ আয়োজনে এ সময়সীমা সর্বোচ্চ ৬(ছয়) মাস পর্যন্ত বর্ধিত করতে পারবে। প্রত্যাশী ব্যক্তি/সংস্থা/ প্রতিষ্ঠান তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বিপণন কোম্পানির সাথে ক্রয়-বিক্রয় চুক্তি সম্পাদন করে চূড়ান্ত অনুমোদনের জন্য আবেদন করবে।

৪.২। **চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলি প্রযোজ্য হবে:**

(ক) অটো-গ্যাস এর গুণগত মান পরীক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্র থাকতে হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), পেট্রোবাংলা, বিএসটিআই ও সরকার নির্ধারিত কর্তৃপক্ষ অটো-গ্যাস এর গুণগত মান পরীক্ষা করতে পারবে এবং গুণগত মান উত্তীর্ণ না হলে ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করবে;

(খ) অটো-গ্যাস স্টোরেজ ট্যাংকের উপর আন্তর্জাতিক কোডস্ ও স্ট্যান্ডার্ড (Fixed Sprinkle System as per Code NFPA 15) অনুযায়ী পানির স্প্রে করার ব্যবস্থা থাকতে হবে;

(গ) NFPA 58, ASME, তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ ও স্বীকৃত অন্যান্য আন্তর্জাতিক কোডস ও স্ট্যান্ডার্ড অনুসরণ করে প্রেসার ভ্যাসেল ফিলিংসহ অন্যান্য সকল যন্ত্রাংশ আমদানি, স্থাপন ও পরিচালনা করতে হবে;

(ঘ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিপিসি, পেট্রোবাংলা, বিস্ফোরক পরিদপ্তর এবং সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ যে কোন সময় অটো-গ্যাস স্টেশন পরিদর্শন করতে পারবে এবং পরিদর্শনকালে যাচিত তথ্য-উপাত্ত তাৎক্ষণিকভাবে সরবরাহ করতে বাধ্য থাকবে; এবং

(ঙ) প্রাথমিক অনুমতির শর্তসহ অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রযোজ্য সকল বিধি/আইন/নীতি/আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪.৩। **চূড়ান্ত অনুমতি প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্ট দাখিল করতে হবেঃ**

(ক) বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্সসহ as build drawing;

(খ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এর লাইসেন্স/অনুমতি;

(গ) নিয়োগকৃত জনবলের যোগ্যতা প্রমাণের সনদ ও নিয়োগপত্রের অনুলিপি; এবং

(ঘ) সংশ্লিষ্ট এলাকার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অনাপত্তি।

৪.৪। **চূড়ান্ত অনুমতি প্রদান**

অনুচ্ছেদ ৪.৩ এ বর্ণিত কাগজযুক্ত আবেদন দাখিলের পর সরকার নির্ধারিত কর্তৃপক্ষ সে সকল কাগজপত্র যাচাই করে এবং অনুচ্ছেদ ৪.২ এ বর্ণিত অবশ্যপালনীয় শর্তাবলি পরিপালনের বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে সন্তোষজনক/গ্রহণযোগ্য বিবেচিত হলে অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন ও পরিচালনার চূড়ান্ত অনুমতি প্রদান করা হবে।

৫। **অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনঃ**

৫.১। **অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের শর্তাবলিঃ**

(ক) ওয়ার্কশপ সংলগ্ন সড়কে স্বাভাবিক যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি হবে না এমন স্থানে অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন করতে হবে;

(খ) অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপের প্রাঙ্গণ সড়কের বাঁক, ঢাল, সংযোগস্থল এবং ব্রীজ হতে নিরাপদ দূরত্বে অবস্থিত হতে হবে;

(গ) অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপে যানবাহন প্রবেশ ও বাহিরের সুগম পথ থাকতে হবে;

(ঘ) অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপের অবস্থান বাসস্ট্যান্ড বা বাস টার্মিনাল হতে ন্যূনতম ১০০(একশত) মিটার দূরে হতে হবে;

(ঙ) অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপে পর্যাপ্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থা থাকতে হবে;

(চ) যানবাহন অটো-গ্যাস এ রূপান্তর কাজে আমদানিকৃত সিলিন্ডার, কিট ও যন্ত্রপাতি তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ অনুযায়ী স্বীকৃত আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড/কোড অনুসারে প্রস্তুত হতে হবে;

(ছ) রূপান্তর কাজে ব্যবহৃত যন্ত্রপাতি অটোমোটিভ গ্রেডের হতে হবে; এবং

(জ) রূপান্তরিত ইঞ্জিন হতে নির্গত ধোঁয়ার মান পরিবেশ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সীমার মধ্যে হতে হবে।

৫.২। **অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের প্রাথমিক আবেদন:**

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন ও পরিচালনার অনুমোদন প্রাপ্তির জন্য আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রসহ ফরম 'খ' (সংযুক্তি-২) এর মাধ্যমে সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে:

(ক) আবেদনকারী/আবেদনকারীগণের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(খ) সদ্যতোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) সর্বশেষ কর বৎসরের আয়কর পরিশোধের সনদ;

(ঘ) ট্রেড লাইসেন্স/জয়েন্ট স্টক কোম্পানি কর্তৃক প্রদত্ত নিবন্ধনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঙ) জমির মালিকানার প্রমাণপত্র (প্রাসঙ্গিক দলিল, আমমোক্তারনামা, চুক্তিপত্র, নামজারি, হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা ইত্যাদি);

(চ) সরকারি জমির ক্ষেত্রে বরাদ্দ/চুক্তির সার্টিফাইড কপি;

(ছ) অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন প্রকল্পের বাস্তবায়ন কর্মপরিকল্পনা;

(জ) প্রস্তাবিত অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপের লে-আউট প্ল্যান (মৌজা ও লোকেশন ম্যাপসহ);

(ঝ) প্রস্তাবিত অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের জন্য নিধারিত যন্ত্রপাতির গুণগতমান ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক মান অনুসরণ সংক্রান্ত প্রত্যয়ন/অঙ্গীকারনামা;

(ঞ) সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান/ব্যাংক ড্রাফট;

(ট) বাংলাদেশ সরকারের অনুমোদিত কোন ব্যাংক/আর্থিক প্রাতিষ্ঠানের নিকট হতে financial commitment letter for investment; এবং

(ঠ) সরকার কর্তৃক যাচিত যে কোন ডকুমেন্ট।

৫.৩। **প্রাথমিক অনুমোদন**

অনুচ্ছেদ ৫ এর ৫.২ এ বর্ণিত শর্তাবলি অনুসরণে এবং ৫.৩ এ বর্ণিত কাগজযুক্ত আবেদন প্রাপ্তির পর সরকার নির্ধারিত কর্তৃপক্ষ দাখিলকৃত কাগজ যাচাই এবং প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন শেষে প্রস্তাব গ্রহণযোগ্য বিবেচিত হলে আবেদনকারী/আবেদনকারীদের অনুকূলে অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের প্রাথমিক অনুমতি প্রদান করবে।

৬। **অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপের চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়াঃ**

৬.১। **ওয়ার্কশপ স্থাপনের সময়সীমা**

প্রাথমিক অনুমতি প্রাপ্তির ১২(বার) মাসের মধ্যে অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। সরকার বিশেষ প্রয়োজনে এ সময়সীমা ৬(ছয়) মাস বর্ধিত করতে পারবে।

৬.২। **চূড়ান্ত অনুমতি প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজ দাখিল করতে হবে**

(ক) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত as build drawing; এবং

(খ) নিয়োগকৃত জনবলের যোগ্যতা প্রমাণের সনদ ও নিয়োগপত্রের কপি।

৬.৩। **চূড়ান্ত অনুমতি প্রদান**

অনুচ্ছেদ ৬.২ এ বর্ণিত কাগজযুক্ত আবেদন দাখিলের পর সরকার নির্ধারিত কর্তৃপক্ষ দাখিলকৃত কাগজ যাচাই এবং প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করে সন্তোষজনক/ গ্রহণযোগ্য বিবেচিত হলে আবেদনকারী/আবেদনকারীদের অনুকূলে অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন ও পরিচালনার চূড়ান্ত অনুমতি প্রদান করবে।

৭। **অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ আমদানি**

৭.১ **আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবেঃ**

(ক) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন এবং রূপান্তর ওয়ার্কশপ স্থাপন সংক্রান্ত সকল যন্ত্রাংশ নতুন হতে হবে;

(খ) আমদানিকৃত কিট ও সিলিন্ডার নতুন হতে হবে;

(গ) অটো-গ্যাস ডিসপেন্সিং ইউনিট এর প্রস্তুতকাল কোন অবস্থাতেই লেটার অব ক্রেডিট (এলসি) খোলার তারিখের পূর্বের হতে পারবে না;

(ঘ) আমদানিকৃত যন্ত্রাংশ/পণ্য জাহাজীকরণের সময় ফ্যাক্টরি টেস্ট সার্টিফিকেট সংযুক্ত করতে হবে—যেখানে প্রতিটি যন্ত্রাংশের সিরিয়াল নম্বর, প্রস্তুতের তারিখ, প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম ও দেশের নাম মুদ্রিত থাকবে;

(ঙ) আমদানিকৃত যন্ত্রাংশ/পণ্য জাহাজীকরণ দলিলের সাথে সংশ্লিষ্ট দেশের চেম্বার অব কমার্স কর্তৃক ইস্যুকৃত সনদ সংযুক্ত করতে হবে—যেখানে প্রতিটি যন্ত্রাংশের সিরিয়াল নম্বর, প্রস্তুতের তারিখ, প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম ও দেশের নাম উল্লেখ থাকতে হবে এবং যন্ত্রাংশসমূহ নতুন এবং অব্যবহৃত মর্মে প্রত্যয়ন থাকতে হবে;

(চ) আমদানিকৃত যন্ত্রাংশ/পণ্য জাহাজীকরণের পূর্বে সার্ভিসের উপযুক্ত মর্মে আন্তর্জাতিক মান সম্পন্ন কোয়ালিটি সার্টিফিকেট প্রদানকারী প্রতিষ্ঠানের সনদ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত সনদ জাহাজীকরণ দলিলের সাথে সংযুক্ত করতে হবে;

(ছ) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপনকালে এ নীতিমালায় বর্ণিত শর্তাবলি যথাযথ অনুসরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত প্রাথমিক অনুমোদন বাতিল করা হবে;

(জ) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের জন্য আমদানিকৃত উপকরণাদির তথ্য সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষকে অবহিত করতে বাধ্য থাকবে; এবং

(ঝ) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের জন্য যন্ত্রাংশ আমদানির পূর্বে সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের অনাপত্তি গ্রহণ করবে।

৭.২। **অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ-এর যন্ত্রাংশের আমদানি শুল্ক পরিশোধ:**

(ক) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানিকারক প্রতিষ্ঠান জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রত্যয়নপত্র প্রদর্শন করে শুল্কমুক্ত সুবিধা ভোগ করবে।

(খ) উপরোক্ত 'ক' উপানুচ্ছেদে বর্ণিত প্রত্যয়ন গ্রহণকালে নিম্নোক্ত কাগজ দাখিল করতে হবে:

(১) নির্ধারিত ছকে পূরণকৃত আবেদন;

(২) সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন;

(৩) বিস্ফোরক পরিদপ্তরের অনাপত্তি;

(৪) Import Registration Certificate;

(৫) প্যাকিং লিস্ট;

(৬) Invoice-এর সত্যায়িত অনুলিপি;

(৭) Bill of Lading-এর সত্যায়িত অনুলিপি;

(৮) আমদানিকৃত যন্ত্র অটো-গ্যাস সার্ভিসের উপযুক্ত মর্মে আন্তর্জাতিক মান সম্পন্ন কোয়ালিটি সার্টিফিকেট প্রদানকারী প্রতিষ্ঠানের সনদের কপি; এবং

(৯) আমদানিকৃত যন্ত্রাংশ নতুন, সরকার অনুমোদিত/অনুসৃত স্ট্যান্ডার্ড অনুযায়ী প্রস্তুতকৃত, সরকারি নিয়মনীতি অনুসরণে আমদানি করা হয়েছে এবং আমদানিকৃত যন্ত্রাংশ শুধুমাত্র অটো-গ্যাস স্টেশন স্থাপন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে ব্যবহৃত হবে মর্মে আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হলফনামা (affidavit)।

৮। **পরিচালনার শর্তাবলি:**

অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ কর্তৃপক্ষ নিম্নলিখিত তথ্য সম্বলিত মাসিক প্রতিবেদন সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নিকট দাখিল করবে:

(ক) অটো-গ্যাস বিক্রয় এর পরিমাণ;

(খ) রূপান্তরকৃত যানবাহনের সংখ্যা (শ্রেণিসহ);

(গ) পুনপরীক্ষাকৃত সিলিন্ডারের সংখ্যা; এবং

(ঘ) অন্যান্য তথ্য।

৯। সরকার নির্ধারিত কর্তৃপক্ষ সকল স্থাপনা সময় সময় পরিদর্শনপূর্বক কাজের গুণগত ও সেবার নিশ্চিতকল্পে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।

১০। এ নীতিমালা প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও পরিমার্জন করা যাবে।

নাজিমউদ্দিন চৌধুরী
সচিব।

ফরম-"ক"

এলপিজি (অটোগ্যাস) রি-ফুয়েলিং স্টেশন অনুমোদনের জন্য ডাটা শীট

ক্রমিক	বিষয়	বর্ণনা	সংযুক্ত প্রমানকের পৃষ্ঠা নং

১। **আবেদনকারীর বিস্তারিত তথ্যাদি**

(১) পূর্ণ নাম	ঃ	
(২) পদবী	ঃ	
(৩) জাতীয় পরিচয় পত্র ও ২ কপি ছবি	ঃ	

২। **আবেদিত এলপিজি (অটোগ্যাস) রি-ফুয়েলিং স্টেশনের বিস্তারিত তথ্যাদি**

(১) প্রতিষ্ঠানের নাম	ঃ		
(২) যোগাযোগের ঠিকানা (টেলিফোন নং, ফ্যাক্স, ই-মেইল ঠিকানাসহ)	ঃ		
(৩) প্রস্তাবিত সাইটের ঠিকানা	ঃ		
(৪) প্রস্তাবিত সাইটের বর্তমান ঠিকানা	ঃ	☐ পেট্রোল পাম্প ☐ খালি জায়গা	
(৫) সংশ্লিষ্ট ট্রেড লাইসেন্স	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
(৬) টি আই এন	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
(৭) আয়কর সার্টিফিকেট		☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
(৮) জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন পত্র	ঃ	☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে	ঃ ......হইতে......
(৯) যৌথ মালিকানার চুক্তিনামা	ঃ	☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে	ঃ ......হইতে......
(১০) স্টেশন স্থাপন করিলে পার্শ্ববর্তী স্থাপনা সমূহে ঃ অসুবিধার সৃষ্টি হইবে কিনা		☐ হ্যাঁ ☐ না	ঃ

৩। **এলপিজি (অটোগ্যাস) রি-ফুয়েলিং স্টেশনের নকশার বিস্তারিত তথ্যাদি**

(১) নিম্নোক্ত তথ্যাদি সম্বলিত সাইটের নকশা	ঃ		ঃ ......হইতে......
লে-আউট প্ল্যান (সুবিধাজনক স্কেলে)	ঃ	☐ আছে ☐ নাই	
লোকেশন ম্যাপ (ননস্কেলে)	ঃ	☐ আছে ☐ নাই	
মৌজাম্যাপ	ঃ	☐ আছে ☐ নাই	
সাইট প্ল্যান (সুবিধাজনক স্কেলে)	ঃ	☐ আছে ☐ নাই	
জমির তফসিল	ঃ	☐ আছে ☐ নাই	
জমির পরিমান	ঃ	☐ আছে ☐ নাই	
বিল্ডিং এরিয়া	ঃ	☐ আছে ☐ নাই	
গাড়ী ম্যানুভারিং এরিয়া	ঃ	☐ আছে ☐ নাই	

৪। **প্রস্তাবিত জমির বিস্তারিত তথ্যাদি**

(১) মোট জমির পরিমান :

(২) রাস্তা বরাবর জমির দৈর্ঘ্য (মিঃ) × প্রস্থ (মিঃ) :

(৩) জমির তফসিল

:	মৌজার নাম	জেএল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমান
১)					
২)					
				মোট	

(৪) জমির চৌহদ্দি

:		
	উত্তর :	
	দক্ষিণ :	
	পূর্ব :	
	পশ্চিম :	

(৫) জমির মালিকানা : ☐ ব্যক্তিগত ☐ ভাড়াকৃত ☐ সরকারি

ব্যক্তিমালিকানাধীন জমির ক্ষেত্রে : :

দলিলের সত্যায়িত কপি : ☐ আছে ☐ নাই : ......হইতে......

মৌজাম্যাপের সত্যায়িত কপি : ☐ আছে ☐ নাই : ......হইতে......

নামজারির সত্যায়িত কপি : ☐ আছে ☐ নাই : ......হইতে......

খাজনার সত্যায়িত কপি : ☐ আছে ☐ নাই : ......হইতে......

বন্টননামার কপি : ☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে : ......হইতে......

চুক্তি পত্রের কপি : ☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে : ......হইতে......

(৭) সরকারি জমির ক্ষেত্রে :

বরাদ্দ পত্রের কপি : ☐ আছে ☐ নাই : ......হইতে......

চুক্তি পত্রের কপি : ☐ আছে ☐ নাই : ......হইতে......

অনুমোদিত জমির নকশাঁ : ☐ আছে ☐ নাই : ......হইতে......

৫। **এলপিজি (অটোগ্যাস) রি-ফুয়েলিং স্টেশন স্থাপন বিষয়ে বিভিন্ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমোদন/অনাপত্তি**

(১) এলপি গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠানের ডিলারশীপ : ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত : ......হইতে......

(২) বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিপনন কোম্পানীর অনাপত্তি পত্র। : ☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে ☐ আবেদন সংযুক্ত। : ......হইতে......

(৩) অনুমোদিত নকশা সহ প্রবেশ পথ ব্যবহারের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতি/অনাপত্তি পত্র। ঃ ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

(৪) সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস ও সিভিলডিফেন্স এর অনাপত্তি পত্র। ঃ ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

(৫) ঢাকা সিটি কর্পোরেশন এর অনাপত্তি পত্র ঃ ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

(৬) বিস্ফোরক অধিদপ্তরের প্রাক অনুমোদন। ঃ ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

(৭) ঢাকা মেট্রোপলিটান পুলিশ (ট্রাফিক) বিভাগের ঃ অনাপত্তি পত্র। ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

(৮) রাজউক এর ভূমি ব্যবহারের ছাড়পত্র ঃ ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

(৯) পরিবেশ অধিদপ্তরের ভূমির অবস্থানগত ছাড়পত্র। ঃ ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

(১০) অন্য উদ্দেশ্যে বরাদ্দকৃত সরকারি জমিতে এলপিজি স্টেশন স্থাপন বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনাপত্তি। ঃ ☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ঃ ......হইতে......

আমি নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে অঙ্গিকার করিতেছি যে, উপরোক্ত তথ্য সমূহ সত্য ও সঠিক। এই মর্মে নিশ্চয়তা প্রদান করেতেছি যে, প্রমানক হিসাবে উপরোক্ত তথ্যের বিপরীতে যে কাগজ ও দলিলাদি অত্র পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে তাহা সঠিক।

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ ....

নাম ঃ

পদবী ঃ

প্রতিষ্ঠানের সীল

ফরম-"খ"

এলপিজি (অটোগ্যাস) রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের অনুমোদনের জন্য ডাটা শীট

ক্রমিক	বিষয়	বর্ণনা	সংযুক্ত প্রমানকের পৃষ্ঠা নং

১। **আবেদনকারীর বিস্তারিত তথ্যাদি**

(১) পূর্ণ নাম ঃ

(২) পদবী ঃ

(৩) জাতীয় পরিচয় পত্র ও ২ কপি ছবি ঃ

২। **আবেদিত এলপিজি (অটোগ্যাস) রুপান্তর ওয়ার্কশপ এর বিস্তারিত তথ্যাদি**

(১) প্রতিষ্ঠানের নাম ঃ

(২) যোগাযোগের ঠিকানা ঃ
(টেলিফোন নং, ফ্যাক্স, ই-মেইল ঠিকানাসহ)

(৩) প্রস্তাবিত সাইটের ঠিকানা ঃ

(৪) প্রস্তাবিত সাইটের বর্তমান অবস্থা ঃ □ পেট্রোল পাম্প □ খালি জায়গা

(৫) সংশ্লিষ্ট ট্রেড লাইসেন্স ঃ □ আছে □ নাই ঃ ......হইতে......

(৬) টি আই এন ঃ □ আছে □ নাই ঃ ......হইতে......

(৭) আয়কর সার্টিফিকেট ঃ □ আছে □ নাই ঃ ......হইতে......

(৮) জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন পত্র ঃ □ আছে □ নাই □ প্রযোজ্য নহে ঃ ......হইতে......

(৯) যৌথ মালিকানার চুক্তিনামা ঃ □ আছে □ নাই □ প্রযোজ্য নহে ঃ ......হইতে......

(১০) রুপান্তর কারখানা স্থাপন করিলে পার্শ্ববর্তী স্থাপনাসমূহে অসুবিধার সৃষ্টি হইবে কিনা □ হ্যাঁ □ না ঃ

৩। **প্রস্তাবিত জমির বিস্তারিত তথ্যাদি**

(১) মোট জমির পরিমান ঃ

(২) রাস্তা বরাবর জমির দৈর্ঘ্য (মিঃ) × প্রস্থ (মিঃ)ঃ

(৩) জমির তফসিল

ঃ	মৌজার নাম	জেএল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমান
১)					
২)					
				মোট	

(৪) জমির চৌহদ্দি

ঃ		
	উত্তর ঃ	
	দক্ষিণ ঃ	
	পূর্ব ঃ	
	পশ্চিম ঃ	

(৫) জমির মালিকানা ☐ ব্যক্তিগত ☐ ভাড়াকৃত ☐ সরকারি ঃ

(৬) ব্যক্তিগতমালিকানাধীন জমির ক্ষেত্রে ঃ
দলিলের সত্যায়িত কপি

মৌজাম্যাপের সত্যায়িত কপি	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
নামজারির সত্যায়িত কপি	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
খাজনার সত্যায়িত কপি	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
বন্টননামার কপি	ঃ	☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে	ঃ ......হইতে......
চুক্তি পত্রের কপি	ঃ	☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে	ঃ ......হইতে......

(৭) সরকারি জমির ক্ষেত্রে ঃ

বরাদ্দ পত্রের কপি	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
চুক্তি পত্রের কপি	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......
অনুমোদিত জমির নকশাঁ	ঃ	☐ আছে ☐ নাই	ঃ ......হইতে......

৪। **এলপিজি (অটোগ্যাস) রুপান্তর ওয়ার্কশপ স্থাপন বিষয়ে বিভিন্ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমোদন/অনাপত্তি**

(১) বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র।	ঃ	☐ আছে ☐ নাই ☐ প্রযোজ্য নহে ☐ আবেদন সংযুক্ত।	ঃ ......হইতে......
(২) বিস্ফোরক অধিদপ্তরের প্রাক অনুমোদন	ঃ	☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত	ঃ ......হইতে......
(৩) অন্য উদ্দেশ্যে বরাদ্দকৃত সরকারি জমিতে কারখানা স্থাপন বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনাপত্তি।	ঃ	☐ আছে ☐ নাই ☐ আবেদন সংযুক্ত ☐ প্রযোজ্য নহে	ঃ ......হইতে......

আমি নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে অঙ্গিকার করিতেছি যে, উপরোক্ত তথ্য সমূহ সত্য ও সঠিক। এই মর্মে নিশ্চয়তা প্রদান করেতেছি যে, প্রমানক হিসাবে উপরোক্ত তথ্যের বিপরীতে যে কাগজ ও দলিলাদি অত্র পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে তাহা সঠিক।

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ ....

নাম ঃ

পদবী ঃ

প্রতিষ্ঠানের সীল

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd